

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
হোমনা, কুমিল্লা

২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, হোমনা কুমিল্লা এর নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ জয়নাল আবেদীন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হোমনা, কুমিল্লা।

সভার তারিখ : ১৫/০৯/২০২২ খ্রীঃ

সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, হোমনা, কুমিল্লা এর সভাকক্ষ।

সময় : সকাল ১০ঃ ০০টা।


সভার উপস্থিতি পরিশিষ্ট- ক দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে অংশগ্রহনকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের ভেটেরিনারি সার্জন ডাঃ হেলাল উদ্দিন সভার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ আওতায় করণীয় সম্পর্কে তুলে ধরেন।

সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহন করা হয় :

১. নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা আয়োজন করতে হবে।
২. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহনে ত্রৈমাসিক সভা আয়োজন করতে হবে।
৩. শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
৪. কর্ম- পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা/অফিস আদিনা পরিষ্কার/ আগাছা ও ঝোপ ঝাড় পরিষ্কার ইত্যাদি) করতে হবে।
৫. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহিতার মতামত সংরক্ষণ করতে হবে।
৬. শুদ্ধাচার/উত্তম চর্চার তালিকা প্রস্তুতকরণ ও বিতরণ করতে হবে।
৭. যথাসময়ে অফিসে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করতে হবে।
৮. সরকারি যানবহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোহাম্মদ জয়নাল আবেদীন  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
হোমনা, কুমিল্লা

স্মারক নং: ৩৩.০১.১৯৫৪.০০০.০৬.০০২.২৪২

তারিখ : ১৫/০৯/২০২২ খ্রীঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।

০২। সংশিষ্ট নথি।

